নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক সালাতের সময় উযূ করতেন

‘আমর বিন আমির সূত্রে আনাস বিন মালিক হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক সালাতের সময় উযূ করতেন। আমি বললামঃ আপনারা কী করতেন?
তিনি বললেনঃ হাদাস (উযূ ভঙ্গের কারণ) না হওয়া পর্যন্ত আমাদের (পূর্বের) উযূ যথেষ্ট
হত।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাওয়াব ও ফজিলত লাভ করার উদ্দেশ্যে প্রত্যেক সালাতের জন্যে উযূ করতেন, যদিও তার উযূ ভঙ্গ না হত। যতক্ষণ উযূ অবস্থায় থাকবে এক উযূ দ্বারা একাধিক ফরয সালাত আদায় করা বৈধ রয়েছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65080